

মুক্তমনা বিজয় দিবস স্পেশাল ২০০৬ :

যা ঘটছে বিজয়ের মাসে বাংলাদেশে

নুরুজ্জামান মানিক

ফ্রীল্যান্স সাংবাদিক, প্রাবন্ধিক ও মুক্তিযোদ্ধা সন্তান।

উত্তরাঞ্চলের মঙ্গা, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের লাগামহীনবৃদ্ধি, সন্ত্রাসরোধে র্যাবের ক্রসফায়ার ফর্মুলা, বিদ্যুতের অনিশ্চিত লোডশেডিং ইত্যোয়াদির মধ্যেও বাংলাদেশ আজ নির্বাচনী জ্বরে ভুগছে। তবে, ভাইরাস না ব্যকটেরিয়াজনিত তা জানা না গেলেও মারাত্মক উপসর্গ হিসেবে প্রকাশ পাচ্ছে নিম্নের ঘটনাবলীঃ

১। রাষ্ট্রের সর্বোচ্চ পদাধিকারী প্রেসিডেন্ট ড. ইয়াজউদ্দিন আহম্মেদ তার একের পর এক সিদ্ধান্ত ও কর্মকাণ্ডের জন্য হচ্ছেন বিতর্কিত ও প্রশ্নের সম্মুখিন।

২। রাষ্ট্রের আরেক গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান প্রধানবিচারপতি কে নিয়েও বিতর্ক হচ্ছে।

৩। মুক্তিযোদ্ধা জিয়ার সন্তান রাজাকারদের বলছেন ‘ঘরের লোক’ আবার অন্যদিকে, মুক্তিযুদ্ধের নেতৃত্বদানকারি প্রধানদল আওয়ামীলীগ এর দহরম-মহরম চলছে ইনকিলাব ও ইসলামপন্থীদের সাথে।

৪। নোবেল পুরস্কারজয়ী ড. ইউনুস সাংস্কৃতিকপার্থক্য বেমালুম এড়িয়ে গিয়ে প্রস্তাব দিচ্ছেন ‘কোয়ালিশন সরকারের’।

৫। এদিকে গত ৯ ই ডিসেম্বর প্রথমবারের মত একাত্তরের মহান মুক্তিযুদ্ধের জীবিত ৬ সেক্টর কমান্ডার ও উপসেনাধ্যক্ষ একত্রিত হয়েছেন এবং পেশ করেছেন ১০ দফা দাবী।

৬। একইদিনে সিভিল সোসাইটি প্রকাশ করেছে তাদের ‘ভিশন পেপার ফর বাংলাদেশ ইন ২০২০’ এবং গনপ্রতিনিধি অধ্যোয়াদেশ (আর পি ও) এর একটি সংশোধনী প্রস্তাব।

আমরা জানি না, কি করবেন শেখ হাসিনার নেতৃত্বাধীন মহাজোট? তারা কি নির্বাচন বর্জন করবেন? শেষ পর্যন্ত বি এন পি-জামায়াত এর রোডম্যাপ কি সফল হবে? নাকি সামরিক শাসন আসবে? গণতন্ত্র কি স্তব্ধই হয়ে যাবে?

রচনাকালঃ ডিসেম্বর ১৪, ২০০৬